
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন




# ইফতেখারুজ্জামান

## নির্বাহী পরিচালক

## ঢাকা, ৩ ডিসেম্বর ২০১৩

# ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের শীর্ষস্থানীয় কয়েকটি গবেষণা কার্যক্রম

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

- বৈশ্বিক দুর্নীতি'র ব্যারোমিটার - দুর্নীতির অভিজ্ঞতা এবং দুর্নীতির প্রতি জনগণের মনোভাবের জরিপ
- ঘুষ প্রদানকারী সূচক - আন্তর্জাতিক ব্যবসা প্রতিষ্ঠানসমূহের ঘুষ প্রদানের প্রবণতা
- বৈশ্বিক দুর্নীতি প্রতিবেদন - বৈশ্বিক পর্যায়ে একটি সুনির্দিষ্ট বিষয় বা খাতে দুর্নীতি বিষয়ে গবেষণা-ভিত্তিক প্রতিবেদন
- বিভিন্ন আন্তর্জাতিক কনভেনশনের কার্যকরতার সমীক্ষা
- দুর্নীতিবিরোধী টুল কিট্‌স - বিষয় ও সেক্টরভিত্তিক (জাতীয় ব্যবস্থা, সততা চুক্তি ইত্যাদি)
- দুর্নীতির ধারণা সূচক - জরিপে অন্তর্ভুক্ত দেশগুলির আন্তর্জাতিক অবস্থানের বার্ষিক প্রতিবেদন

# সিপিআই কী এবং কেন

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

- রাজনৈতিক এবং প্রশাসনিক দুর্নীতির ধারণা সম্পর্কিত জরিপের ওপর জরিপ পরিচালনার মাধ্যমে আন্তর্জাতিক তুলনামূলক স্কোর এবং অবস্থান নির্ণয়ের একটি সমন্বিত সূচক যা ১৯৯৫ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে প্রকাশিত হচ্ছে
- দুর্নীতি হলো ক্ষমতার অপব্যবহার, একটি অবৈধ কার্যক্রম যা সাধারণত স্ক্যান্ডাল, তদন্ত বা বিচার প্রক্রিয়ায় উন্মোচিত হয়
- ঘুষের সংখ্যা বা পরিমান কিংবা মামলার সংখ্যা - এ জাতীয় উপাত্ত দিয়ে বিভিন্ন দেশে দুর্নীতির মাত্রার তুলনামূলক চিত্র নিরূপণ দুরুহ
- বিভিন্ন দেশের মধ্যে দুর্নীতির তুলনামূলক চিত্র ফুটিয়ে তুলতে সিপিআই ব্যাতিত অন্য কোন নির্ভরযোগ্য পদ্ধতি বর্তমানে নেই

# তথ্য-উপাত্তের উৎস সমূহ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

বিশ্বাসযোগ্য আন্তর্জাতিক প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত ১৩টি জরিপের তথ্য

সিপিআই ২০১৩-তে বাংলাদেশের জন্য ৭টি জরিপ

- ব্যার্টেলসম্যান ফাউন্ডেশন ট্রান্সফরমেশন ইনডেক্স
- ইকোনোমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক পরিচালিত কান্ট্রি রিস্ক অ্যাসেসমেন্ট
- গ্লোবাল ইনসাইট কান্ট্রি রিস্ক অ্যাসেসমেন্ট
- পলিটিক্যাল রিস্ক সার্ভিসেস ইন্টারন্যাশনাল কান্ট্রি রিস্ক গাইড
- বিশ্বব্যাংক কান্ট্রি পারফরমেন্স অ্যান্ড ইনস্টিটিউশনাল অ্যাসেসমেন্ট
- ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরাম এক্সিকিউটিভ ওপিনিয়ন সার্ভে এবং
- ওয়ার্ল্ড জাস্টিস প্রজেক্ট - রুল অব ল ইনডেক্স

# কোন্ ধরনের তথ্য-উপাত্ত ব্যবহৃত হয়েছে?

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

- সাধারণভাবে দুর্নীতি - ব্যক্তিস্বার্থে অর্পিত সরকারি ক্ষমতার অপব্যবহার
- স্বার্থের দ্বন্দ্ব এবং তহবিলের অননুমোদিত অপসারন বা আত্মসাত
- প্রশাসনিক ও রাজনৈতিক পর্যায়ে দুর্নীতি যা মূলত উচ্চমাত্রার দুর্নীতি/গ্র্যান্ড করাপশন
- সরকারি কর্মকান্ড, বিচার বিভাগ, নির্বাহী পর্যায়, আইনের প্রয়োগ এবং কর আদায়ে নিয়ম বহির্ভূত অতিরিক্ত অর্থ আদায়
- সরকারের দুর্নীতিবিরোধী প্রয়াস ও সাফল্য এবং আইনের উর্ধ্বে থাকার প্রবণতা নিয়ন্ত্রণে সক্ষমতা

# গবেষণা পদ্ধতি

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

- ২০১৩ সালের সূচকের জন্য একাধিক বছরের আবর্তিত উপাত্ত - ফেব্রুয়ারি ২০১১ থেকে সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত সময়ের তথ্য
- তুলনামূলক চিত্র প্রদানে সক্ষম শুধুমাত্র এমন তথ্য-উপাত্তই অন্তর্ভুক্ত হয়েছে। টিআইবি'র গবেষণাসহ জাতীয় পর্যায়ে উৎসারিত কোনো তথ্য-উপাত্ত সিপিআই-তে অন্তর্ভুক্ত হয়নি
- যে সকল উৎস থেকে একাধিক বছরের তথ্য-উপাত্ত পাওয়া গেছে, সেক্ষেত্রে সর্বশেষ বছরের তথ্য-উপাত্ত অন্তর্ভুক্ত হয়েছে
- দেশী ও অনাবাসী বিশেষজ্ঞ, ব্যবসায়ী নেতৃবৃন্দ ও বিশ্লেষক, বিনিয়োগকারী ও বিনিয়োগ বিশ্লেষকদের ধারণা
- সর্বনিম্ন তিনটি জরিপ হলেই কেবল কোনো দেশ সিপিআই-তে অন্তর্ভুক্ত হয়ে থাকে

# গবেষণা পদ্ধতি (চলমান)

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

- টিআই'র বার্লিনভিত্তিক সচিবালয়ের গবেষণা বিভাগ কর্তৃক পরিচালিত
- পদ্ধতিগত উৎকর্ষতা নিশ্চিতকরণে নিম্নলিখিত প্রতিষ্ঠানের বিশেষজ্ঞদের পরামর্শ-সহায়তা গ্রহণ করা হয়েছে:
  - কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান ও রাজনীতি বিজ্ঞান বিভাগ;
  - লন্ডন স্কুল অব ইকোনমিক্স অ্যান্ড পলিটিক্যাল সায়েন্স এর মেথডলজি ইনস্টিটিউট;
  - লন্ডন স্কুল অব ইকোনমিক্স অ্যান্ড পলিটিক্যাল সায়েন্স এর সরকার বিভাগ;
  - হার্ভার্ড বিজনেস স্কুল;
  - ডাও জোনস্; এবং
  - স্ট্যান্ডার্ড অ্যান্ড পুওর

# সিপিআই ২০১৩ - ফলাফল

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

- ০-১০০ স্কেলে বাংলাদেশ ২৭ স্কোর পেয়ে ১৭৭টি দেশের মধ্যে ঊর্ধ্বক্রম অনুসারে ১৩৬-তম এবং নিম্নক্রম অনুসারে ১৬-তম অবস্থানে
- গত বছরের ২৬ স্কোরের তুলনায় এ বছরের স্কোর ১ পয়েন্ট বেশি তবে ২০১১ সালেও বাংলাদেশ ২৭ স্কোর পেয়েছিল
- ২০১১ ও ২০১২ সালের ১৩-তম অবস্থানের তুলনায় বর্তমান অবস্থান নিম্নক্রম অনুযায়ী তিন ধাপ অগ্রগামী
- উচ্চক্রম অনুযায়ী ২০১২ সালের ১৪৪তম অবস্থানের তুলনায় বাংলাদেশের ৮ ধাপ অগ্রগতি
- তবে, ৭টি দক্ষিণ এশীয় দেশের তুলনামূলক অবস্থান ও স্কোরের বিচারে আফগানিস্তান ছাড়া বাংলাদেশের অবস্থান নিম্নক্রম অনুযায়ী দ্বিতীয় সর্বনিম্ন। ৬৩ স্কোর ও ৩১তম অবস্থান নিয়ে ভুটান এবং ৮ স্কোর পেয়ে আফগানিস্তান দক্ষিণ এশীয় ও বৈশ্বিকভাবে সর্বনিম্ন অবস্থানে রয়েছে
- একমাত্র ভুটান ব্যতীত অন্যান্য দক্ষিণ এশীয় দেশসমূহ বৈশ্বিক গড় স্কোর ৪৩ এর চেয়ে অনেক কম স্কোর পেয়েছে

# দক্ষিণ এশিয়া: উচ্চক্রম অনুযায়ী সিপিআই ২০১৩: ২০১১-১২ এর সাথে তুলনামূলক চিত্র

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

| দক্ষিণ এশীয় দেশ* | ২০১৩ (১৭৭টি দেশ) | | ২০১২ (১৭৬টি দেশ) | | ২০১১ (১৮৩টি দেশ) | |
|---|---|---|---|---|---|---|
| | স্কোর | অবস্থান (উচ্চক্রম অনুযায়ী) | স্কোর | অবস্থান (উচ্চক্রম অনুযায়ী) | স্কোর | অবস্থান (উচ্চক্রম অনুযায়ী) |
| ভুটান | ৬৩ | ৩১ | ৬৩ | ৩৩ | ৫৭ | ৩৮ |
| শ্রীলঙ্কা | ৩৭ | ৯১ | ৪০ | ৭৯ | ৩৩ | ৮৬ |
| ভারত | ৩৬ | ৯৪ | ৩৬ | ৯৪ | ৩১ | ৯৫ |
| নেপাল | ৩১ | ১১৬ | ২৭ | ১৩৯ | ২২ | ১৫৪ |
| পাকিস্তান | ২৮ | ১২৭ | ২৭ | ১৩৯ | ২৫ | ১৩৪ |
| বাংলাদেশ | ২৭ | ১৩৬ | ২৬ | ১৪৪ | ২৭ | ১২০ |
| আফগানিস্তান | ৮ | ১৭৫ | ৮ | ১৭৪ | ১৫ | ১৮০ |

* সর্বনিম্ন ৩টি উপাত্ত সূত্রের অনুপস্থিতির কারণে মালদ্বীপ সূচকে অন্তর্ভুক্ত হয়নি

# সিপিআই বৈশ্বিক ফলাফল: সর্বোত্তম ও সর্বনিম্ন অবস্থান

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

| সর্বোত্তম | | | সর্বনিম্ন | | |
|---|---|---|---|---|---|
| দেশ | স্কোর | অবস্থান | দেশ | স্কোর | অবস্থান |
| ডেনমার্ক | ৯১ | ১ | সোমালিয়া | ৮ | ১৭৫ |
| নিউজিল্যান্ড | ৯১ | ১ | উত্তর কোরিয়া | ৮ | ১৭৫ |
| ফিনল্যান্ড | ৮৯ | ২ | আফগানিস্তান | ৮ | ১৭৫ |
| সুইডেন | ৮৯ | ২ | সুদান | ১১ | ১৭৪ |
| নরওয়ে | ৮৬ | ৩ | দক্ষিণ সুদান | ১৪ | ১৭৩ |
| সিঙ্গাপুর | ৮৬ | ৩ | লিবিয়া | ১৫ | ১৭২ |
| সুইজারল্যান্ড | ৮৫ | ৪ | ইরাক | ১৬ | ১৭১ |
| নেদারল্যান্ড | ৮৩ | ৫ | উজবেকিস্তান | ১৭ | ১৬৮ |
| অস্ট্রেলিয়া | ৮১ | ৬ | তুর্কমেনিস্তান | ১৭ | ১৬৮ |
| কানাডা | ৮১ | ৬ | সিরিয়া | ১৭ | ১৬৮ |

# সর্বোত্তম ও সর্বনিম্ন অবস্থানভুক্ত অন্যান্য দেশ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

## উচ্চ সাফল্য:

### এশিয়া

- হংকং (৭৫/১৫), জাপান (৭৪/১৮), সংযুক্ত আরব আমিরাত (৬৯/২৬), কাতার (৬৮/২৮)

### অন্যান্য

- লুক্সেমবার্গ (৮০/১১), জার্মানী (৭৮/১২), যুক্তরাজ্য (৭৬/১৪), বেলজিয়াম (৭৫/১৫), যুক্তরাষ্ট্র (৭৩/১৯), ফ্রান্স (৭১/২২)

## বাংলাদেশের চেয়ে নিম্নতর অবস্থানকারী দেশসমূহ:

ইয়েমেন, হাইতি, গিনি বিসাও, ইকুয়েটোরিয়াল গায়ানা, চাদ, ভেনিজুয়েলা, ইরিত্রিয়া, কম্বোডিয়া, জিম্বাবুয়ে, মায়ানমার, বুরুন্ডি, তাজিকিস্তান, ইউক্রেন, নাইজেরিয়া, ইরান, ক্যামেরুন, উগান্ডা, লাওস, কাজাখস্তান

**নিম্নতর পর্যায়ের আরো উল্লেখযোগ্য দেশ ও তাদের স্কোর:**

রাশিয়া (২৮), ইন্দোনেশিয়া (৩২), মিশর (৩২), মেক্সিকো (৩৪), থাইল্যান্ড (৩৫), গ্রীস (৪০), চীন (৪০), দক্ষিণ আফ্রিকা (৪২), ব্রাজিল (৪২) এবং কুয়েত (৪৩)

# উল্লেখযোগ্য বিষয়: বৈশ্বিক পর্যায়ে


- দুর্নীতি একটি গুরুতর বৈশ্বিক সমস্যা
  - ১৭৭টি দেশের মধ্যে ১২৩টি দেশ (দুই তৃতীয়াংশের বেশী) ৫০ এর নীচে স্কোর পেয়েছে
  - বৈশ্বিক গড় ৪৩ এর সমান বা তার চেয়ে কম পেয়েছে এমন দেশের সংখ্যা ১০৮টি
  - কোন দেশই শতভাগ স্কোর পায় নি, ওইসিডি ভুক্ত অনেক দেশই ৮০ এর চাইতে কম স্কোর পেয়েছে। যেমন: বেলজিয়াম, জার্মানী, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, জাপান, ফ্রান্স, অস্ট্রিয়া, স্পেন এবং ইতালি
- বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় সুশাসন এবং দুর্নীতির বিরুদ্ধে শূন্য-সহনশীলতা অন্যতম উপাদান

# উল্লেখযোগ্য বিষয়: বাংলাদেশ সংক্রান্ত

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

- ১০০ এর মধ্যে বাংলাদেশ এ বছর ২৭ স্কোর পেয়েছে যা ২০১২ এর তুলনায় এক পয়েন্ট বেশী এবং ২০১১ সালের সমান
- অবস্থান ক) নিম্নক্রম অনুযায়ী বাংলাদেশ ১৬-তম, ২০১১ ও ২০১২ এর তুলনায় যা তিন ধাপ অগ্রগতি খ) উচ্চক্রম অনুসারে ১৭৭টি দেশের মধ্যে বাংলাদেশ ১৩৬তম যা ২০১২ সালের ১৭৬টি দেশের মধ্যে ১৪৪তম অবস্থানের তুলনায় ৮ ধাপ অগ্রগতি
- ২০০১ - ২০০৫ পর্যন্ত বাংলাদেশ একাদিক্রমে ৫ বছর তালিকার সর্বনিম্নে ছিল। ২০০৬ সালে এই অবস্থান হয় নিম্নক্রম অনুযায়ী তৃতীয়, ২০০৭ সালে ৭ম, ২০০৮ সালে ১০ম, ২০০৯ সালে ১৩তম, ২০১০ সালে ১২তম এবং ২০১১ ও ২০১২ সালে ১৩তম
- স্কোরের বিবেচনায় বাংলাদেশ এবছর মাত্র ১ পয়েন্ট বেশী পেয়েছে যা তাৎপর্যহীন
- দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান ২য় সর্বনিম্ন, শুধুমাত্র আফগানিস্তান বাংলাদেশের তুলনায় পিছিয়ে। আফগানিস্তান বৈশ্বিক তালিকায় সর্বনিম্নে অবস্থান করছে

# Bangladesh: CPI Scores 2001-2013




**Rank from below: 2001-5 (lowest); 2006(3), 2007(7), 2008(10), 2009(13), 2010(12), 2011(13), 2012(13), 2013(16)**

# ভাল ফল না করার সম্ভাব্য কারণসমূহ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

- নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী দুর্নীতি বিরোধী কার্যক্রম বাস্তবায়নে ঘাটতি
- দুর্নীতি দমন কমিশনের স্বাধীনতা ও কার্যকারিতা ক্ষুন্ন করার প্রয়াস, যদিও দুদক আইনের সর্বশেষ সংশোধনী ২০১৩ সালের সিপিআই - তে প্রতিফলিত হয়নি
- পদ্মা সেতু, রেলওয়ে কেলেঙ্কারি, শেয়ার মার্কেট, হলমার্ক, ডেসটিনি এবং রানা প্লাজার মত বড় বড় দুর্নীতির মিছিল
- ক্ষমতাশালী মহল কর্তৃক লাগামহীনভাবে ভুমি, নদী ও জলাশয় দখল, ঋণ খেলাপি এবং টেন্ডার বাণিজ্য
- উচ্চ পর্যায়ের ক্ষমতাধরদের প্রতিশ্রুতি অনুযায়ী সম্পত্তির বিবরণ প্রকাশ না করা

# ভাল ফল না করার সম্ভাব্য কারণসমূহ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন


- দুদক আইনের সর্বশেষ সংশোধনী সূচকে বিবেচিত না হলেও ২০১০ সাল থেকেই কমিশনের ওপর চাপ প্রয়োগের খেলা।
- উচ্চ মাত্রার দুর্নীতির মামলার ক্ষেত্রে দুদকের প্রশ্নবিদ্ধ অবস্থান ও একপ্রকার সরকারি বি-টিমের ভূমিকা
- রাজনৈতিক বিবেচনায় ব্যাপক সংখ্যক ফৌজদারি ও দুর্নীতির মামলা প্রত্যাহার
- দুর্নীতি নিয়ন্ত্রণে প্রাতিষ্ঠানিক দুর্বলতা
  - বর্জনের ফলে এবং স্বার্থের দ্বন্দ্বের কারণে দুর্বল সংসদ
  - প্রশাসন ও আইন প্রয়োগকারী সংস্থার রাজনীতিকরণের অব্যাহত ধারা
  - কালো টাকা সাদা করার সুযোগ রাখা

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# এর পরে কী?

- নির্বাচনী ইশতেহারে দুর্নীতিবিরোধী অবস্থানের "প্রত্যয়" পুর্নব্যক্ত হওয়ার সম্ভাবনা
- পুনরায় প্রতিশ্রুতির ফুলঝুরি এবং বাগাড়ম্বর
- নির্ভয়ে এবং পক্ষপাতহীনভাবে দুর্নীতি নিয়ন্ত্রণে সক্ষমতাই মূল চাবিকাঠি
- দুর্নীতির জন্য দৃষ্টান্তমূলক শাস্তি বিধান এবং আইনের উর্ধ্বে থাকার প্রবণতাকে প্রশ্রয় না দিয়ে কার্যকরভাবে চ্যালেঞ্জ করা
- প্রাতিষ্ঠানিক ও নীতি কাঠামো শক্তিশালীকরণ
  - সংসদ, বিশেষতঃ সংশ্লিষ্ট সংসদীয় কমিটি
  - দুদককে শক্তিশালীকরণ, আইনের কালো ধারার সংশোধন
  - বিচার বিভাগের সততা , নিরপেক্ষতা ও পেশাদারি উৎকর্ষতা এবং আইনের শাসন
  - আইন প্রয়োগকারী সংস্থাগুলোসহ সরকারি সকল খাতে সততা এবং দলীয় রাজনৈতিক প্রভাবের উর্ধ্বে উঠে নিরপেক্ষতা ও পেশাদারিত্ব নিশ্চিতকরণ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন




# ধন্যবাদ

[www.transparency.org/cpi](http://www.transparency.org/cpi), [www.ti-bangladesh.org](http://www.ti-bangladesh.org)